# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌবাহিনী,খুলনা

## বিজ্ঞপ্তি

বাবি- ১৪/তালিকাভূক্তি হালনাগাদ/২৩-২৪ তারিখঃ ১১ জুলাই ২০২৩

২০২৩-২০২৪ অর্থ বৎসরের তালিকাভূক্তি হালনাগাদ করণ প্রসংগেঃ

১। আপনাদের অবগতির জন্য জানান যাচ্ছে যে, খুশিলিতে বিভিন্ন দ্রব্যের সরবরাহকারী এবং সাবকন্ট্রাক্টরদের তালিকাভূক্তি হালনাগাদ/ নবায়নের নিমিত্তে নিম্নলিখিত শর্ত প্রযোজ্যঃ-

ক) আপনাদের প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে খুশিলিতে বিভিন্ন দ্রব্যের সরবরাহকারী এবং সাবকন্ট্রাক্টর হিসেবে তালিকাভূক্তি হালনাগাদ / নবায়নের জন্য জরিমানা ছাড়া আগামী ৩১ জুলাই **২০২৩** এবং জরিমানাসহ আগামী **৩১ আগষ্ট ২০২৩** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন করতে হবে।

খ) তালিকাভূক্তি ২০২৩-২০২৪ অর্থ বৎসরের জন্য নবায়ন ফি বাবদ জরিমানা ব্যতীত টাকা ২,০০০.০০ (দুই হাজার) মাত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে জরিমানাসহ টাকা ৩,৫০০.০০ (তিন হাজার পাঁচশত) মাত্র খুশিলির ক্যাশ শাখায় জমা প্রদান করতঃ একখানা মানিরিসিপ্ট আবেদন পত্রের সহিত সংযুক্ত করতে হবে।

গ) ২০২৩-২০২৪ অর্থ বৎসরের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর সনপত্রের সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সহিত সংযুক্ত করতে হবে।

ঘ) যদি কোন ঠিকাদার / সাবকন্ট্রাক্টর এর তালিকাভূক্তির জামানত হিসেবে টাকা ৫০,০০০.০০ (পঁঞ্চাশ হাজার) মাত্র এর কম জমা থাকে, সেক্ষেত্রে তারা অবশিষ্ট টাকা জমা প্রদান করতঃ তালিকাভূক্তি নবায়নের আবেদন করতে পারবেন।

২। এমতাবস্থায়, উক্ত শর্ত সমূহ পূরন সাপেক্ষে খুশিলির তালিকাভূক্তি হালনাগাদ/ নবায়নের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, উপরোক্ত শর্ত সমূহ পুরনে ব্যর্থ হলে খুশিলি কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন/ সকল ঠিকাদারের তালিকাভূক্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

ওআইসি বাণিজ্যিক লোকাল